



ঠান্ডা যুদ্ধ

টুকরো

ঘুরে এলেন

আবার

বিয়ে চূড়ান





কিছুদিন আগেও অভিনেতা শাহেদ আর অভিনেত্রী শ্রাবন্তীকে প্রায়ই একসঙ্গে দেখা যেতো। শাহেদের অফিসেও প্রায় শ্রাবন্তী গিয়ে হাজির হতেন। বলা হতো, দু'জনের গভীর বন্ধুত্ব প্রতিশ্রুতি পর্যায়ে মোড় নিতে পারে। অথচ সম্প্রতি তাদের মধ্যে চলছে ঠাণ্ডা যুদ্ধ। দু'জন দু'জনের মুখ দর্শন বন্ধ করে দিয়েছেন। ব্যাপারটা লক্ষ্য করা

গেছে, গত সপ্তাহে একটি নাটকের প্রিমিয়ার শোতে দু'জন আলাদা আলাদাভাবে উপস্থিত হয়েছেন। কেউ কারো সঙ্গে সৌজন্যতাবশত বাক্য বিনিময়ও করেননি। হঠাৎ করে তাদের মধ্যে এমন কি ঘটেছে? জানা গেছে, শ্রাবন্তী হঠাৎ করেই আবিষ্কার করেছেন শাহেদের সঙ্গে প্রকৃত সখ্যতা চলছে না তাশা হায়াতের। শাহেদ সে কথা শ্রাবন্তীর কাছে বেমালুম গোপন করেছেন। শাহেদের এই স্বভাবটা আবিষ্কারের পর থেকে শ্রাবন্তী তার মুখ দেখা বন্ধ করেছেন। এ কথা অবশ্য শ্রাবন্তীই সবাইকে বলছেন। তবে শ্রাবন্তী এ সময়ে সবচেয়ে আলোচিত হয়েছেন পরিচালক মোহন খানের বিরুদ্ধে বেশ কিছু অভিযোগ এনে। বিষয়টি নিয়ে বেশ কিছুদিন ধরে সালিস চলে। গত ১৮ আগস্ট মামুনের রশীদসহ সাতজনের উপস্থিতিতে তাঁদের বিরোধের মীমাংসা হয়। তবে জানা যায়, শ্রাবন্তী বিষয়টি মেনে নিলেও এ নিয়ে পরবর্তীতে ঘাটাঘাটি না করার কথা বলেছেন। মোহন খান উপযুক্ত প্রমাণ চাইলে তিনি জানান, তার কাছে যথেষ্ট প্রমাণ রয়েছে।

দেখাশুনা করবেন। বরের বাবার নাম আনিসউদৌল্লা। বরের বাবা গুণী নজরুল সংগীত শিল্পী ফিরোজা বেগমের ভাই। অবশেষে ঈশিতার ইচ্ছেও পূরণ হলো। সেই সাথে সাংস্কৃতিক পরিমন্ডলে আবদ্ধ হলো।

এক সপ্তাহের জন্য মৌসুমী গিয়েছিলেন জাপানে। একটি সাংস্কৃতিক প্রতিনিধি দলের সদস্য হয়ে মৌসুমী প্রথমবারের মতো জাপান ঘুরে এলেন। মৌসুমী জানালেন, সেখানে জাপানি শিশুদের প্রতি মানুষের ভালোবাসা দেখে মুগ্ধ হয়েছেন। তিনি এমন স্বপ্ন দেখেন বাংলাদেশের শিশুদের জন্য। তিনি সে লক্ষ্যে মৌসুমী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের নতুন কার্যক্রম শুরু করবেন অচিরেই।

মৌমাছি ছবির মাধ্যমে শামস নামের ছেলেটি ঝড় তুলেছিলেন দর্শক মনে। ছবির ফলাফল পজেটিভ হলেও শামসের ভাগ্য সুপ্রসন্ন হয়ে ওঠেনি। সেই শামসের মাঝে দুটো ছবি মুক্তি পেলেও নায়ক হিসেবে কোনো পজিশন তৈরি করতে পারেননি। আগামী ৬ সেপ্টেম্বর শামস অভিনীত 'মায়ের জেহাদ' মুক্তি পাচ্ছে। আবু মুসা দেবু পরিচালিত এ ছবিটি শামসের নতুন কেরিয়ার গড়ে দেবে বলে অনেকের ধারণা।

সম্প্রতি সাপ্তাহিক ২০০০ ও পাক্ষিক আনন্দধারায় জনপ্রিয় অভিনয় শিল্পী ঈশিতার বিয়ে নিয়ে লেখা হয়েছিলো। তা সত্য হলো ১৬ আগস্ট রাতে। তবে বিয়ের আনুষ্ঠানিকতা হবে আগামী বছরে। ১৬ আগস্ট রাতে পাত্র পক্ষের সঙ্গে বিয়ের কথা চূড়ান্ত হয়। বর আরিফউদৌল্লা ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটিতে থেকে পিএইচডি করছেন। পাত্র দেশে ফিরে বাবার ব্যবসা

